দর্শনা পুরাতন বাজারে তরফদার ক্লিনিকের শুভ উদ্বোধন

দর্শনা পুরাতন বাজার তরফদার মার্কেটে তরফদার ক্লিনিকের শুভ উদ্বোধন করা হয়েছে। আজ বুধবার সকাল ১১ টার দিকে দর্শনা পুরাতন বাজার দোয়েল চত্তর সংলগ্ন তরফদার মার্কেটে তরফদার ক্লিনিকের শুভ উদ্ধোধন করেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু,দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু।

ক্লিনিকের স্বত্বাধিকারী পুরাতন বাজার দোকান মালিক সমিতির সাধারন সম্পাদক সোহেল তরফদারের সার্বিক ব্যাবস্থাপনায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন,দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী,সহ সভাপতি শফিকুল আলম, দর্শনা পুরাতন বাজার কমিটির সভাপতি আশরাফুল আলম বাবু, বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক,হাজী আব্দুল মমিন,আবু সুফিয়ান,সিরাজুল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক হানিফ মন্ডল। উদ্ধোধনী শেষে দোয়া অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন হাফেজ মাওলানা রাসেল আহম্মেদ।

দর্শনায় পুরাতন বাজারে উন্নয়ন মুলক কাজের উদ্বোধন

দর্শনা পুরাতন বাজারে উন্নয়ন মৃলক কাজের ভিত্তি প্রস্তর স্থাপন ও উদ্ধোধন অনুষ্টান অনুষ্টিত হয়েছে। চুয়াডাঙ্গা -২ আসনের সংসদ,সদস্য হাজী মোঃ আলী আজগার টগর উন্নয়ন কাজ উদ্বোধনকালে তিনি উপস্থিত জনসাধারণকে বলেন, বর্তমান সরকার জনবান্ধব সরকার। বিশেষ করে সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বাস করেন তৃণমূল জনগোষ্ঠীর ভাগ্য উন্নয়ন না হলে দেশের জাতীয় উন্নয়ন ত্বরান্বিত করা সম্ভব নয়। আর সেকারণে সরকার প্রতিনিয়ত জনগণের

ভাগ্য উন্নয়নে কাজ করে যাচ্ছেন।

দর্শনায় প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতায় দর্শনা পৌরসভার পুরাতন বাজারে কাঁচা বাজার উন্নয়ন কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন চুয়াডাঙ্গা-০২ আসনের সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর। আজ সোমবার(১১ সেপ্টেম্বর) সকালে দামুড়হুদার দর্শনা বিভিন্ন উন্নয়নমুলক কাজের উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক শহিদুল ইসলাম,দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটির সভাপতি বীরমুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা পৌর আওয়ামী লীগের সহ সভাপতি শফিকুল আলম, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, জেলা প্রানী সম্পদ কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, দামুড়হুদা উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা নাজমৃল হক শাওন, দর্শনা পুরাতন
, বাজার কমিটির সভাপতি, আশরাফুল আলম বাবু,সাধারণ সম্পাদক সোহেল তরফদার, উপজেলা আ,লীগ, যুবলীগ ও ছাত্র লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনা পুরাতন বাজারের বিশিষ্ট ব্যবসায়ী টুকুর ইন্তেকাল

দর্শনা পুরাতন বাজারের বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল হাই টুকু ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। গত বুধবার দিবাগত রাত পৌনে ৩ টার দিকে নিজ বাড়ি হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেন। আব্দুল হাই টুকু মরহুম হাজি লাল

মোহাম্মদের ছোট ছেলে।

তিনি ব্যবসার পাশাপাশি একজন সাংস্কৃতি কর্মী ও দর্শনা সাম্প্রতিক সাংস্কৃতিক সংগঠণের উপদেষ্টা ছিলেন। গতকাল বৃহস্পতিবার বাদ আসর দর্শনা কলেজ মাঠে মরহুমের নামাজের জানাযা শেষে পারিবারিক কবরস্থানে তার দাফনকার্য সম্পন্ন হয়।

চুয়াডাঙ্গা জেলা আ.লীগের সাধারন সম্পাদক আজাদুল ইসলাম আজাদ, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলার চেয়ারম্যান ও দর্শনা পৌর আ.লীগের সাধারন সম্পাদক আলী মুনসুর বাবু, পারকৃষ্ণপুর-মদনা ইউপি চেয়ারম্যান এস,এ,এম জাকারিয়া আলম, দামুড়হুদা উপজেলা আ.লীগের সাবেক সভাপতি সিরাজুল আলম ঝন্টু, বিশিষ্ট ব্যাবসায়ী আতিয়ার রহমান হাবু জানাযায় অংশগ্রহণ করেন। জানাযা

তার অকাল মৃত্যুতে রাজনৈতিক, সমাজিক, সাংস্কৃতিক, ব্যবসায়ী সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ মরহুমের আত্মার মাগফেরাত কামনা সহ শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেছে। মৃত্যকালে স্ত্রী, সন্তান, ভাই, বোন সহ অসংখ্য শুভাকাঙ্খি রেখে গেছেন।